

Trending



রাজ্য প্রথম পাতা ভোট বেলা (HTTP://EBELA.IN/ELECTIONS) (http://ebela.in/) রাজ্য (http://ebela.in/state)

মুখ্যমন্ত্রীর কাছে ধনঞ্জয়ের ‘অপরাধে’র পুনর্তদন্ত দাবি

নিজস্ব সংবাদদাতা | সেপ্টেম্বর ৪, ২০১৬

Share it on

(whatsapp://send?

text=http://ebela.in/The-case-of-death-

sentence-1.470763)

()

বালিগঞ্জের পদ্মপুকুরে স্কুলছাত্রী হেতাল পারেখকে ধর্ষণ এবং হত্যাকাণ্ডের ঘটনার নতুন করে তদন্তের দাবি উঠল। বৃহস্পতিবার ওই ঘটনার পুনর্তদন্ত চেয়ে নবান্নে মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়ের দফতরে স্মারকলিপি জমা দেওয়া হয়েছে।

(/polopoly_fs/1.470766.1472930903!/image/image.jpg)

রাজ্য ► ভোট বেলা (HTTP://EBELA.IN/ELECTIONS)



বালিগঞ্জের পদ্মপুকুরে স্কুলছাত্রী হেতাল পারেখকে ধর্ষণ এবং হত্যাকাণ্ডের ঘটনার নতুন করে তদন্তের দাবি উঠল। বৃহস্পতিবার ওই ঘটনার পুনর্তদন্ত চেয়ে নবান্নে মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়ের দফতরে স্মারকলিপি জমা দেওয়া হয়েছে।

কলকাতার কয়েকজন অধ্যাপক এবং গবেষকের উদ্যোগে ইতিমধ্যেই এই বিষয়ে ‘আদালত-মিডিয়া-সমাজ এবং ধনঞ্জয়ের ফাঁসি’ নামে একটি বই প্রকাশিত হয়েছে। তাঁদের বক্তব্য, ওই ঘটনায় ফাঁসি হওয়া ‘ধনঞ্জয় চট্টোপাধ্যায় দোষী নন, আসলে ওই ঘটনাটি ছিল সম্মানরক্ষায় খুন (অনার কিলিং)’।

উদ্যোক্তাদের পক্ষে ইন্সিতি পাল এদিন জানিয়েছেন, এক হাজার লোকের স্বাক্ষর-সহ স্মারকলিপি জমা দেওয়া হয়েছে। গত ১১ মার্চ বাঁকুড়ার ছাতনা অঞ্চলের (যেখানে ধনঞ্জয়ের বাসস্থান) প্রায় ৪০০ গ্রামবাসী রাজ্য সরকারের কাছে পুনর্তদন্তের দাবি জানিয়েছিলেন।

উদ্যোক্তাদের দাবি, নিরপরাধ কাউকে আইনের নামে সরকারিভাবে ঠাণ্ডা মাথায় খুন করার ঘটনা দায়িত্বশীল নাগরিক হিসাবে তাঁরা মেনে নিতে পারেন না। বর্তমান সরকার অনেক পুরনো বিতর্কিত বিষয়েই নতুন করে তদন্ত শুরু করেছে। হেতাল-কাণ্ডেরও পুনর্তদন্ত প্রয়োজন। তদন্তে যদি দেখা যায়, খুন করেছিল অন্য কেউ, তাহলে প্রকৃত খুনির বিচার হওয়া এবং ধনঞ্জয়কে ‘নির্দোষ’ ঘোষণা করা দরকার। প্রসঙ্গত, ২০০৪ সালে ফাঁসি হয়েছিল ধনঞ্জয়ের।

বইয়ের প্রতিপাদ্য হল-হেতালের খুনের তদন্ত প্রক্রিয়ায় বড়সড় গলদ রয়ে গিয়েছে। কারণ, সবটাই হয়েছিল পারেখ

পরিবারের বয়ান অনুযায়ী। খুনের দিন সেই বয়ানের ভিত্তিতে পুলিশ তদন্ত শুরু করার আগেই সংবাদমাধ্যমকে যে কাহিনী শুনিয়েছিল, শেষ পর্যন্ত আদালতে সেই কাহিনীই কিছু ‘প্রমাণ’ সহযোগে সাজিয়ে-গুছিয়ে উপস্থাপন করা হয়। লেখকদের দাবি, আদালত যে সব সাক্ষ্যপ্রমাণ গ্রহণ করেছিল, তার অনেকগুলিই মিথ্যা বলে প্রমাণ করা যায়।

Dhananjay Chatterjee ([http://ebela.in/search-results-page/ebela-search-element-7.217?q=Dhananjay Chatterjee&search_lang=english&short=desc&slab=0](http://ebela.in/search-results-page/ebela-search-element-7.217?q=Dhananjay%20Chatterjee&search_lang=english&short=desc&slab=0)) *Hetal Parekh* ([http://ebela.in/search-results-page/ebela-search-element-7.217?q=Hetal Parekh&search_lang=english&short=desc&slab=0](http://ebela.in/search-results-page/ebela-search-element-7.217?q=Hetal%20Parekh&search_lang=english&short=desc&slab=0))

রাজ্য ► ভোট বেলা (HTTP://EBELA.IN/ELECTIONS)

Share it on

(whatsapp://send?

text=http://ebela.in/The-case-of-death-

sentence-1.470763)

()

এই সংক্রান্ত আরও খবর

ফোটো গ্যালারি



(/photogallery/tolly-stars-along-with-their-parents-dgtl-1.470566)

বাবা-মায়ের সঙ্গে টলি পাড়ার সেলেবরা

(/photogallery/tolly-stars-along-with-their-parents-dgtl-1.470566)



(/photogallery/a-few-craziest-spa-treatments-dgtl-1.470491)

কয়েকটি আজব স্পা ট্রিটমেন্ট...

(/photogallery/a-few-craziest-spa-treatments-dgtl-1.470491)



(/photogallery/and-the-award-for-lifetime-achievement-goes-to-1.470471)

লাইফটাইম অ্যাচিভমেন্ট অস্কার পাচ্ছেন জ্যাকি চ্যান

(/photogallery/and-the-award-for-lifetime-achievement-goes-to-1.470471)



(/photogallery/a-few-major-sex-scandals-in-indian-politics-dgtl-1.470437)

যৌন কেলেঙ্কারিতে নাম জড়িয়েছে যেসব ভারতীয় রাজনীতিকদের...

(/photogallery/a-few-major-sex-scandals-in-indian-politics-dgtl-1.470437)

এই বিভাগে আরও যা আছে